

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-৭

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪১২.৯০.০৬০.২৩ নথির বিষয়: Repairing of water line at Kutubkhali, different road of Merajnagar block-A and B, Rainsnagar, Bank colony etc area under MODS Zone-7, Dhaka WASA.
নোট: ১ নোটের বিষয়: Repairing of water line at Kutubkhali, different road of Merajnagar block-A and B, Rainsnagar, Bank colony etc area under MODS Zone-7, Dhaka WASA .

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১৩/৯/২৩ ১:৫০ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিকগুলি সদয় দেখা যেতে পারে। মডস জোন-৭ এর আওতাধীন ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের উভয় পার্শ্বে জনবহুল এলাকায় বিদ্যমান পুরাতন ও জরাজীর্ণ লাইনের মাধ্যমে পানি সরবরাহ করা হচ্ছে। কুতুবখালী, মেরাজনগর ব্লক-এ এবং বি এর বিভিন্ন রোড, ব্যাংক কলোনী, মাদ্রাসা রোড, রইচনগর, হাইস্কুল রোড ও তৎসংলগ্ন এলাকা সমূহে প্রায়শঃই পানির লাইনে লিকেজ হয়েছে মর্মে ঢাকা ওয়াসা লিংক, মোবাইল ও সরাসরি জোন অফিসের অভিযোগ কেন্দ্রে সম্মানিত গ্রাহকগণ অভিযোগ করেন। প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে সরেজমিনে সাইট পরিদর্শন করা হয় এবং পানির লাইনের লিকেজ মেরামত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হয়। উক্ত লিকেজ সমূহের কারণে পানির অপচয় হয় এবং সংশ্লিষ্ট এলাকায় তীব্র পানির স্বল্পতা দেখা দেয়। সংশ্লিষ্ট এলাকা সমূহের বিদ্যমান পানির লাইনে লিকেজের কারণে ময়লা পানি প্রবেশ করে এবং উক্ত নেটওয়ার্কে ময়লা ও দুগ্ধ যুক্ত পানি গ্রাহক হোল্ডিং এ সরবরাহ নেটওয়ার্কের মাধ্যমে সরবরাহ হয়। পানির লাইন লিকেজ হয়ে প্রচুর পরিমাণ পানির অপচয় হয় এবং পানির লাইনে পানির চাপ কমে যাওয়ায় সম্মানিত গ্রাহকগণ এর নিকট হতে পানি না পাওয়ার অভিযোগ পাওয়া যায়। পানির লাইন লিকেজ হয়ে রাস্তার উপর পানি জমে থাকায় রাস্তার পথচারী ও যানবাহন চলাচলে প্রতিবন্ধকতার সৃষ্টি হচ্ছে এবং ঢাকা ওয়াসার সম্মানিত গ্রাহকগণের ময়লা পানি পাওয়া সহ রাস্তা ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভবনা রয়েছে। পানির অপচয় রোধকল্পে এবং জনসাধারণের চলাচলের রাস্তা সংরক্ষণের স্বার্থে বর্ণিত এলাকার লিকেজ সমূহ অত্যন্ত জরুরী ভিত্তিতে মেরামত ও রক্ষণাবেক্ষণ করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১৩/৯/২৩ ১:৫৫ অপরাহ্ন

আলোচ্য কাজটি সম্পাদন করার লক্ষ্যে পানির লাইনের লিকেজ সমূহ মেরামত কাজের জন্য ঢাকা ওয়াসা রেট সিডিউল ও পূর্বানুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (সংযুক্তি-২: পূর্বানুমোদিত দর সদয় দ্রষ্টব্য)। প্রাক্কলনে “পার্ট-এ”-তে মালামাল বাবদ ২০,০৩০/- (কুড়ি হাজার ত্রিশ) টাকা মাত্র এবং “পার্ট-বি”-তে ঠিকাদারের মালামাল ও লেবার সরবরাহ চার্জ বাবদ ৩,৯৭,৩২৫.৮১৫ (তিন লক্ষ সাতানব্বই হাজার তিন শত পঁচিশ দশমিক আট এক পাঁচ) টাকা মাত্র সহ সর্বমোট প্রাক্কলিত মূল্য দাঁড়িয়েছে ৪,১৭,৩৫৫.৮১৫ (চার লক্ষ সতের হাজার তিন শত পঞ্চাশ দশমিক আট এক পাঁচ) টাকা মাত্র (সংযুক্তি-৩: প্রাক্কলন সদয় দ্রষ্টব্য)। উল্লেখ্য যে, আলোচ্য কাজের জন্য “পার্ট-এ”-তে অন্তর্ভুক্ত মালামাল সমূহ বিভাগীয় উপ-ভান্ডার হতে সরবরাহ করা হবে। আলোচ্য কাজটির ব্যয়ভার চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার প্যাকেজ নং-বি -১৩.২০ হতে বহন করা হবে (সংযুক্তি-১: অনুমোদিত ক্রয়-পরিকল্পনা সদয় দ্রষ্টব্য)। আলোচ্য ক্রয় বাস্তবায়নে Procuring Entity হিসেবে Executive Engineer, MODS Zone-7, Dhaka WASA কে রাখা হয়েছে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের দরপত্র আহ্বান, চুক্তি স্বাক্ষর ও বাস্তবায়ন কাজসমূহ Executive Engineer, MODS Zone-7, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে। DoFP অনুযায়ী বর্ণিত কাজের অনুমোদনকারী হলেন প্রধান প্রকৌশলী মহোদয়।

সংযুক্তিসমূহ (৪):

- ১। অনুমোদিত ক্রয়-পরিকল্পনা।
- ২। পূর্বানুমোদিত দর।
- ৩। প্রাক্কলন।
- ৪। প্রতিবেদন।

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা


অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১৩/৯/২৩ ১:৫৭ অপরাহ্ন

এমতাবস্থায়, অনুচ্ছেদ ১.০ এবং ১.১ বর্ণনানুযায়ী “Repairing of water line at Kutubkhali, different road of Merajnagar block-A and B, Raisnagar, Bank colony etc area under MODS Zone-7, Dhaka WASA.” শীর্ষক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজটির জন্য নিম্নলিখিত প্রস্তাব সমূহ অনুমোদন করা যেতে পারেঃ-

ক) উপস্থাপিত “পার্ট-এ”-তে মালামাল বাবদ ২০,০৩০/- (কুড়ি হাজার ত্রিশ) টাকা মাত্র এবং “পার্ট-বি”-তে ঠিকাদারের মালামাল ও লেবার সরবরাহ চার্জ বাবদ ৩,৯৭,৩২৫.৮১৫ (তিন লক্ষ সাতানব্বই হাজার তিন শত পঁচিশ দশমিক আট এক পাঁচ) টাকা মাত্র সহ সর্বমোট ৪,১৭,৩৫৫.৮১৫ (চার লক্ষ সতের হাজার তিন শত পঞ্চাশ দশমিক আট এক পাঁচ) টাকা মাত্র মূল্যের প্রাক্কলনটি সদয় অনুমোদন। তদাধো প্রাক্কলিত দরপত্র মূল্য “পার্ট-বি”-তে ঠিকাদারের মালামাল ও লেবার সরবরাহ বাবদ


✓ ৩,৯৭,৩২৫.৮১৫ (তিন লক্ষ সাতানব্বই হাজার তিন শত পঁচিশ দশমিক আট এক পাঁচ) টাকা মাত্র সদয় অনুমোদন।

খ) বর্ণিত কাজটি PPR-২০০৮ এর ৬৩ বিধির ১(খ) উপ-বিধি মোতাবেক CPTU প্রণীত STD PW2(b) অনুসরণ করে Limited Tendering Method (LTM) এ e-GP সিস্টেমে দরপত্র আহ্বানের মাধ্যমে সম্পাদনের অনুমোদন।

			
১৩/৯/২৩ ২:০৬ অপরাহ্ন সদ্বীপ সূত্রধর উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-৭	১৩/৯/২৩ ২:৪৩ অপরাহ্ন মোঃ আফজাল হোসেন সহকারী প্রকৌশলী মডস জোন-৭	১৪/৯/২৩ ১০:৩৫ পূর্বাহ্ন মোঃ লিমন মিয়া নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস জোন-৭	১৪/৯/২৩ ২:৩৯ অপরাহ্ন মোঃ আব্দুল মজিদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস সার্কেল-১
			১৪/৯/২৩ ২:৩৯ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১৪/৯/২৩ ৩:২২ অপরাহ্ন

✓ অনুমোদিত

			
১৪/৯/২৩ ৩:২২ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	১৭/৯/২৩ ১০:৩২ পূর্বাহ্ন মোঃ লিমন মিয়া নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস জোন-৭	১৭/৯/২৩ ১০:৪৬ পূর্বাহ্ন মোঃ আফজাল হোসেন সহকারী প্রকৌশলী মডস জোন-৭	১৭/৯/২৩ ১০:৪৬ পূর্বাহ্ন সদ্বীপ সূত্রধর উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-৭